



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/ ২৩৭১

তারিখঃ ২২/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/২৩৫০; তারিখঃ ০৬/০২/২০১৭খ্রিঃ  
২) স্মারক নং- ০৫.১০.০৬০৭.০০০.০৭.০০১.১৬-৬৪১; তারিখঃ ২৯/০৬/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসার সভাপতি জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে মাদরাসার অর্থ আত্মসাৎ, অশোভনীয় আচরণ, ক্ষমতার অপব্যবহার, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ আনয়ন করে কমিটির ০৭ (সাত) জন সদস্য পদত্যাগ করেন। এছাড়া কমিটির ০৬জন সদস্য সভাপতি বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃথকভাবে আবেদন করেন। স্থানীয় মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ বেগম নাসরিন জাহান রতনা একই বিষয় উল্লেখ করে কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করায় বর্তমান ম্যানেজিং কমিটি বাতিল করার জন্য ডিও লেটার প্রেরণ করেন।

অভিযোগসমূহের সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশালকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, উত্থাপিত অভিযোগসমূহ সঠিক মর্মে প্রমানিত হয়েছে। ফলে বর্তমান ম্যানেজিং কমিটি বাতিল করা যেতে পারে মর্মে সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের ভিত্তিতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৭৫৯/নথি নং- বরিশাল-১৮; তারিখঃ ২৮/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সভাপতি ও সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

21.08.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসা, বাকেরগঞ্জ, বরিশাল।  
২) সুপার (ভারপ্রাপ্ত), হানুয়া পেয়ারপুর ছালেহিয়া দাখিল মাদরাসা, বাকেরগঞ্জ, বরিশাল।

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮/

তারিখঃ /০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
৩. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৪৮৭৪